ASTHMA+
LUNG UK

# আপনার পালমোনারি পুনর্বাসন (PR) মূল্যায়নের জন্য প্রস্তুত হন

আপনার জন্য পালমোনারি পুনর্বাসন (PR) সহায়ক হবে কিনা তা দেখতে আপনাকে আপনার স্থানীয় NHS পালমোনারি পুনর্বাসন দলের সাথে একটি মূল্যায়ন করার জন্য রেফার করা হয়েছে। তারা আপনার যোগাযোগের বিশদ আমাদেরকে দিয়েছে যাতে আমরা আপনাকে আমাদের সহায়তা প্রদান করতে পারি।

আমাদের PR-এর জন্য প্রস্তুতি (Prepare for PR) পরিষেবাটি আপনি PR সেবাটি গ্রহণ করবার জন্য উপযুক্ত কি না, তা পরীক্ষার জন্য প্রস্তুত হতে সাহায্য করতে পারে।

## আমরা যা যা প্রদান করি:

### পালমোনারি পুনর্বাসন সংক্রান্ত আপনার নির্দেশিকা

PR সম্পর্কে আরও জানতে আপনাকে সাহায্য করার জন্য ডাকে পাঠানো একটি পুস্তিকা।





ডাকে আপনার পুস্তিকা পান নি? এটি হয়তো আগামী কয়েক দিনের মধ্যে আসবে, কিন্তু আপনি নিচের লিঙ্কে ক্লিক করে আমাদের ওয়েবসাইট থেকে সেই একই সমস্ত তথ্য দেখতে পারেন।

# আপনার মূল্যায়নের আগে আমাদের একজন স্বাস্থ্যসেবা উপদেষ্টার সাথে একটি কল


PRএর জন্য উপযুক্ত কি না তা পরীক্ষার আগে আপনার উদ্বেগগুলি নিয়ে কথা বলা, অথবা কীভাবে সেখানে পৌঁছাবেন, কী পরবেন, বা কীভাবে কাজের থেকে ছুটি নেবেন এই ধরনের চ্যালেঞ্জগুলির সমাধান খোঁজার জন্য আমাদের হেল্পলাইনে কল করতে পারেন।

আমরা আপনাকে সাহায্য করতে পারি কিনা তা দেখার জন্য আমরা আপনাকে কল করব। আমরা আপনাকে কখন কল করার পরিকল্পনা করছি তা জানিয়ে আপনাকে পাঠানো নো-রিপ্লাই নম্বর 85040-এর থেকে পাঠানো টেক্সট বা prepareforpr-bookings@asthmaandlung.org.uk-এর থেকে পাঠানো আমাদের ইমেলের জন্য চোখ রাখুন।

ছবি – SMS টেক্সটের উদাহরণ



ছবি – ইমেলের উদাহরণ



আপনার সাথে কলে পরিবারের কোনও সদস্য, পরিচর্যাকারী বা বিশ্বস্ত বন্ধুরাও যোগ দেওয়ার জন্য স্বাগত।
আপনি কল বাতিল করতে অথবা অন্য কোনও সময় বেছে নিতে চাইলে আপনার ইমেলে পুনর্নির্ধারণ বোতামে ক্লিক করুন অথবা 0300 222 5800 নম্বরে কল করে 4 টিপে আমাদের সাথে যোগাযোগ করুন।


## আমাদের ওয়েবসাইটে থাকা ভিডিওগুলি:



**COPD কী এবং কীভাবে পালমোনারি পুনর্বাসন (PR) সাহায্য করতে পারে?**
ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (COPD) হল ফুসফুসের কতকগুলি রোগাবস্থার নাম যার মধ্যে দীর্ঘস্থায়ী ব্রঙ্কাইটিস এবং এমফিসেমা অন্তর্ভুক্ত। এই পৃষ্ঠায় আরও জানুন।



**আসল লোকেদের কাহিনী**
পালমোনারি পুনর্বাসনে অংশ নেওয়া লোকেদের প্রতক্ষ্য অভিজ্ঞতা শুনতে আসল লোকেদের কাহিনী দেখুন।




পালমোনারি পুনর্বাসনের (PR) জন্য প্রস্তুতি নিন
আপনার তথ্য, পরামর্শ বা সহায়তা লাগলে, আমাদের PR-এর জন্য প্রস্তুতি পরিষেবাটি আপনার পালমোনারি পুনর্বাসন (PR) মূল্যায়নের জন্য আপনাকে প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য এখানে আছে।

# অতিরিক্ত তথ্য

## অ্যাক্সেসযোগ্যতা

যদি চিঠিতে উল্লেখ করা হয়নি এমন অন্য কোনও পন্থায় আমরা আপনার এই পরিষেবাটি অ্যাক্সেসযোগ্য করতে পারি তাহলে 0300 222 5800 নম্বরে কল করে 4 টিপে অথবা prepareforpr@asthmaandlung.org.uk-এ ইমেল করে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনি রিলে UK অ্যাপ ব্যবহার করে অথবা 18001 0300 222 5800 নম্বরে ডায়াল করে একটি টেক্সটফোনেও আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

## কেন আমার সাথে যোগাযোগ কড়া হচ্ছে?

আপনার PR টিম UPTURN নামক একটি গবেষণা অধ্যয়ন, যার লক্ষ্য হল লোকজনকে আরও বেশি করে পালমোনারি পুনর্বাসনে যেতে সাহায্য করা, তার একটি অংশ।
তারা সম্প্রতি UPTURN সম্পর্কে তথ্য প্রদান করে একটি চিঠি পাতিয়েছে যাতে কীভাবে অধ্যয়নে অন্তর্ভুক্ত না করার অনুরোধ করা যেতে পারে তা ব্যাখ্যা করা আছে। আপনি এই ধরনের কোনও চিঠি না পেয়ে থাকলে, অথবা অধ্যয়নের অংশ হতে না চাইলে, কীভাবে এটি করবেন তা আপনি UPTURN অধ্যয়নের ওয়েবসাইটে তা দেখতে পারেন: https://www.upturn-study.co.uk/feasibility-study-info

## কেন আমার সাথে যোগাযোগ করা হচ্ছে?

আপনার PR টিম UPTURN নামক একটি গবেষণা প্রকল্পের অংশ, যার লক্ষ্য হল লোকজনকে আরও বেশি করে ফুঁসফুঁস পুনর্বাসনে যেতে সাহায্য করা।

আপনি PRএর জন্য উপযুক্ত কি না তা  যাচাইকারী দল সম্প্রতি UPTURN সম্পর্কে তথ্য প্রদান করে একটি চিঠি পাঠিয়েছে যাতে গবেষণায় অন্তর্ভুক্ত না হতে চাওয়ার জন্যও অনুরোধ করতে যা যা করতে হবে তা ব্যাখ্যা করা আছে। আপনি এই ধরনের কোনও চিঠি না পেয়ে থাকলে, অথবা গবেষণার অংশ হতে না চাইলে, কীভাবে এটি করবেন তা আপনি UPTURN অধ্যয়নের ওয়েবসাইটে তা দেখতে পারেন: https://www.upturn-study.co.uk/feasibility-study-info

## কেন এই সহায়তা দেয়া হচ্ছে?

PR-এর জন্য প্রস্তুতি পরিষেবাটি UPTURN অধ্যয়নের অংশ হিসেবে তৈরি করা হয়েছে। লোকজনকে আরও বেশি করে PR সেবাটি নিতে যেতে সাহায্য করার জন্য, COPD-তে আক্রান্ত লোকজন, গবেষক ও স্বাস্থ্যসেবা কর্মীদের নিয়ে একসাথে এটি পরিকল্পনা করা হয়েছে।
UK-তে খুবই অল্প সংখ্যক PR সেবাদানকারী টিম তাদের রোগীদের জন্য PR-এর জন্য প্রস্তুতি পরিষেবা চেষ্টা করে দেখার সুযোগ দিচ্ছে, যাতে UPTURN অধ্যয়নের মাধ্যমে দেখা যেতে পারে যে রোগীরা তাঁদের ফুঁসফুঁস পুনর্বাসনের PR  সেবাটি জন্য কতটা সহায়ক তা জানতে প্রথমে এটি পছন্দ করেন। এই PR পদ্ধতিটি ভালোভাবে কাজ করলে, এই সহায়তাকে সমগ্র দেশব্যাপী COPD আক্রান্ত লোকেদের সাহায্য করার জন্য NHS-এ সহজলভ্য করা যেতে পারে।

**কীভাবে গবেষণা প্রকল্পটি আমার তথ্য ব্যবহার করবে?**
PR পরিষেবার মান মূল্যায়নে সাহায্য করতে, লোকজন কীভাবে পরিষেবাটি ব্যবহার করেছেন, এবং তারা তাদের PR মূল্যায়নে গিয়েছিলেন কিনা সেই সম্পর্কে নাম প্রকাশ না করা তথ্য গবেষণা দলের সাথে শেয়ার করা হবে। পরিষেবার অংশ হিসেবে করা কলগুলিকে Asthma+Lung UK প্রশিক্ষণ এবং সুরক্ষা সংক্রান্ত কারণগুলির জন্য রেকর্ড করে। কীভাবে টেলিফোনের মাধ্যমে পরিষেবা প্রদান করা হয়েছে তা বোঝার জন্যও রেকর্ডগুলি পর্যালোচনা করা হবে, এবং এর থেকে প্রাপ্ত তথ্য গবেষণা দলের সাথে নাম প্রকাশ না করে শেয়ার করাও হয়।

**কীভাবে Asthma + Lung UK আমার তথ্য ব্যবহার করবে?**
Asthma + Lung UK আপনার জন্য সব সময় আপনার পাশেই আছে, কিন্তু আপনি চাইলে তবেই তারা আপনাকে সাহায্য করতে পারবে। আমরা নির্ধারিত তারিখ ও সময়ে আপনাকে কল করব, কিন্তু আপনি চাইলে তা প্রত্যাখ্যান করতে পারেন। এরপরে আপনি চাইলে শুধুমাত্র তখনই আমরা আপনার সাথে যোগাযোগ করব, যেমন ধরুন আপনি অন্য কোনও সময়ে আমাদের কল করতে বললেন। তাছাড়া আমরা অন্য কোনও কারণে আপনার যোগাযোগের তথ্য ব্যবহার করব না।

আমরা 3 মাস পরে আপনার যোগাযোগের তথ্য মুছে ফেলব। আপনি যদি চান আরও আগে আমরা আপনার যোগাযোগের তথ্য মুছে ফেলি তাহলে, অনুগ্রহ করে নিচের ওয়েবসাইটে দেওয়া যোগাযোগ ব্যবহার করে আপনার PR টিমের সাথে যোগাযোগ করে তাদের জানান যে আপনি UPTURN গবেষণায় অংশ নিতে থাকতে চান না: https://www.upturn-study.co.uk/feasibility-study-info

আমরা যেভাবে আপনার তথ্য ব্যবহার করি সেই সম্পর্কে আপনি আরও জানতে পারবেন এখানে: https://www.upturn-study.co.uk/research-study-privacy-notice